প্রফেসর ডাঃ আয়েশা রহিমা
এমবিবিএস, এফসিপিএস (অবস এন্ড গাইনী)
ডিপ্লিড, এমসিপিএস (অবস এন্ড গাইনী)
প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন
অধ্যাপক (প্রাক্তন)
সিলেট এম.এ.জি. ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল।
সিরিয়ালের জন্য : ০১৭৬৩-৯৯০০৪৪
ওয়েসিস হসপিটাল
যেখানে সুস্থতা আসে হৃদয়ের গভীর থেকে

পৃষ্ঠা ৪ ● সিলেট বৃহস্পতিবার ● ১৩ শ্রাবণ ১৪২৯ বাংলা ● ২৮ জিলহজ্ব ১৪৪৩ হিজরি ● ২৮ জুলাই ২০২২

দৈনিক সিলেটের ডাক

www.sylheterdak.net

THE DAILY SYLHETER DAK

অধ্যাপক (ডা.) রাশিদা আখতার
এমবিবিএস, এফসিপিএস (অবস এন্ড গাইনী)
স্ত্রী রোগ (গাইনী) প্রসূতি বিশেষজ্ঞ
চেম্বার : ওয় তলা, রুম নং-৩২৮
শনি, সোম ও বুধবার বিকেল ৫টা-রাত ৮টা (শুক্রবার বন্ধ)
সিরিয়ালের জন্য : ০১৬০১-১৬৪৯১২

পপুলার মেডিকেল সেন্টার এন্ড হসপিটাল সিলেট
সোবহানীঘাট, সিলেট।

আসামের গুয়াহাটিতে ২য় নর্থ-ইস্ট ইন্ডিয়া বায়ার-সেলার মিট-এ যোগদানের লক্ষ্যে এফবিসিসিআই, সিলেট চেম্বার ও রংপুর চেম্বারের প্রতিনিধিদলের ভারত যাবার প্রাক্কালে তামাবিল স্থলবন্দরে প্রতিনিধিদলের সদস্যবৃন্দ

আসামের গুয়াহাটিতে বায়ার-সেলার মিট আজ

যোগ দিয়েছে বাংলাদেশের ২৬ সদস্যের প্রতিনিধি দল

ডাক ডেস্ক ॥ ভারতের আসামের রাজধানী গুয়াহাটিতে অনুষ্ঠিতব্য ২য় নর্থ-ইস্ট ইন্ডিয়া বায়ার-সেলার মিট-এ যোগ দিতে ২৬ সদস্য বিশিষ্ট এক প্রতিনিধিদল গতকাল বুধবার সকালে ভারতের উদ্দেশ্যে যাত্রা করেছে। প্রতিনিধি দলে আছেন দি ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি ও রংপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি সদস্যরা।

প্রতিবেশী দেশগুলোর মধ্যে পারস্পরিক ব্যবসায়িক সম্পর্ক জোরদারকরণের লক্ষ্যে ইন্ডিয়ান চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র উদ্যোগে ও ভারত সরকারের সহযোগিতায় সম্মেলনটি আজ বৃহস্পতিবার গুয়াহাটিতে অনুষ্ঠিত হবে। সম্মেলনে ভারত, বাংলাদেশ ছাড়াও থাইল্যান্ড, লাওস ও ভুটানের আমদানি-রপ্তানিকারক ও সরকারের উচ্চপদস্থ কর্মকর্তারা যোগদান করবেন। সম্মেলনটিতে প্রধান অতিথি হিসেবে থাকবেন আসামের মুখ্যমন্ত্রী ড. হিমন্ত বিশ্বশর্মা এবং গেস্ট অফ অনার হিসেবে থাকবেন ভারত সরকারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী ড. রাজকুমার রঞ্জন সিং। এফবিসিসিআই এর সহ-সভাপতি মো. আমিন হেলালীর নেতৃত্বে প্রতিনিধিদলে রয়েছেন এফবিসিসিআই এর পরিচালক আবু মোতালেব, সাবেক পরিচালক খন্দকার রুহুল আমিন, বাংলাদেশ মোবাইল ফোন বিক্রেতাসমান্বয় এসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ নিজাম উদ্দিন জিন্নু, এফবিসিসিআই এর প্রতিনিধি মো. নিয়াজ আলী চিশতি, মোহাম্মদ আওলাদ হোসেন রাজিব, মোহাম্মদ খোরশেদ আলম, মোহাম্মদ সেলিম, সৈয়দ মো. আতিকুল হাসান, মো. আব্দুল ওয়াহেদ তমাল, সিলেট চেম্বারের সভাপতি ও এফবিসিসিআই এর পরিচালক তাহমিন আহমদ, সহ-সভাপতি মো. আতিক হোসেন, পরিচালক মো. হিরাজিল ওলাদার, মুনাফিক জামশেদরাব, মুজিবুর রহমান মিন্টু, সরোয়ার হোসেন ছেন্নু, সাবেক সিনিয়র সহ সভাপতি মো. মামুন বিনবিয়া খুদন, সাবেক সিনিয়র সহ-সভাপতি চন্দন সাহা, সংগুর চেম্বারের পরিচালক আবু বেনা মো. রেজওয়ানুল করিম, সদস্য মো. শাহেদ পারভেজ, মোহাম্মদ আজিজুল হক, সুমন রায় ও সিলেট চেম্বারের সদস্য মো. জাকির হোসেন, এয়ারিকটিভ অফিসার মো. শাহজালম রাকি প্রমুখ। এদিকে, প্রতিনিধিদল গতকাল বুধবার সন্ধ্যায় আসামে নিযুক্ত বাংলাদেশের সহকারী হাই কমিশনার শাহ্ মো. তাশকিল মনসুর এর সাথে মতবিনিময় সভায় মিলিত হন।

বিয়ানীবাজারে কবি ফজলুল হকের দাফন সম্পন্ন

স্টাফ রিপোর্টার : অশ্রুসিক্ত মানুষের অঙ্গাসিক্ত শ্রদ্ধা আর ভালোবাসায় শেষ বিদায় নিলেন পঞ্চাশতের শক্তিমান কবি ফজলুল হক। গতকাল বুধবার বেলা ২ টায় বিয়ানীবাজারের পিএইচডি সরকারি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে তাঁর জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। এতে জনপ্রতিনিধি, শিক্ষক, সাংবাদিক ও বিভিন্ন পেশার বিপুলসংখ্যক লোক শরিক হন। পরে তাঁর লাশ পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়।

কবি, সাংবাদিক ও গীতিকার ফজলুল হকের জানাজার নামাযে উল্লেখযোগ্যদের মধ্যে শরিক হন, দিগ্বিজয় আলী আহমদ ও মজির উদ্দিন আনসার, বিয়ানীবাজার উপজেলা পরিষদের চেয়ারম্যান আবুল কাশেম পল্লব, বিয়ানীবাজার পৌরসভার মেয়র জিএস ফরুকুল হক, সাবেক মেয়র মো. আব্দুস শুকুর, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোহাম্মদ জামাল হোসেন, জেলা আওয়ামী লীগের সদস্য মোশাব্বদ জাকির হোসেন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি আতাউর রহমান খান ও সাধারণ সম্পাদক দেওয়ান মাকসুদুল ইসলাম আউয়াল, বিয়ানীবাজার প্রেসক্লাবের সাবেক সভাপতি খাসেদ জাফরী ও আতাউর রহমান, সাপ্তাহিক বিয়ানীবাজার বার্তা পত্রিকার সম্পাদক ॥ ৩ এর পৃ. ৩ ক. দেখুন

দুর্নীতি মামলায় ওসি প্রদীপের ২০ ও স্ত্রী চুমকির ২১ বছর কারাদণ্ড

ডাক ডেস্ক : সিনহা মোহাম্মদ রাশেদ হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি প্রদীপ কুমার দাশকে ২০ বছর এবং তার স্ত্রী চুমকিকে ২১ বছর কারাদণ্ড দিয়েছেন আদালত। তাদের বিরুদ্ধে দায়ের করা দুর্নীতি মামলার আদালত এই রায় ঘোষণা করেন। গতকাল বুধবার চট্টগ্রাম বিভাগীয় স্পেশাল জজ মুন্সী আবুল মজিদের আদালতে এ মামলার রায় ঘোষণা করা হয়।

বিষয়টি নিশ্চিত করেছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) আইনজীবী মাহবুবুল হক মাহবুদ। এর আগে গত ২৯ মে এ মামলার রাষ্ট্রপক্ষের সাক্ষ্য-জেরা শেষ হয়। মামলায় সাক্ষী করা হয়েছিল মোট ২৯ জনকে। তাদের মধ্যে তদন্ত কর্মকর্তা মো. রিয়াজ উদ্দিনসহ ২৪ জনের সাক্ষ্য নেওয়া হয়।

গত বছরের ১৫ ডিসেম্বর প্রদীপ ও চুমকির বিরুদ্ধে অভিযোগ গঠনের মধ্য দিয়ে এ মামলা বিচারে আসে। ২০২০ সালের ৩১ জুলাই কক্সবাজারের অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদ খানকে এপিবিএন কেন্দ্রোপোস্টে গুলি করে হত্যা করা হয়। ওই ঘটনায় টেকনাফের ওসি প্রদীপকে কারাগারে যাওয়ার পর তার অবৈধ সম্পদের খোঁজে তদন্তে নামে দুদক। ওই বছর ২৩ আগস্ট দুদকের সহকারী পরিচালক মো. রিয়াজ উদ্দিন অবৈধ সম্পদের মালিক হওয়ার অভিযোগে প্রদীপ ও চুমকির বিরুদ্ধে মামলা করেন।

কবি ও গবেষক দেওয়ান মুফিদ রাজা চৌধুরীর ইন্তেকাল

ডাক ডেস্ক : সিলেটের কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদের (কেমুসাস) সহ-সভাপতি দেওয়ান মুফিদ রাজা চৌধুরীর পিতা কবি ও গবেষক দেওয়ান মুফিদ রাজা চৌধুরী ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গতকাল বুধবার সকাল সাড়ে আটটায় নগরীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর বয়স হয়েছিলো ৮৬ বছর। তিনি এক ছেলে, এক মেয়ে, নাতি-নাতনি ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

গতকাল বাদ জোহর নগরীর দরগাহে হযরত শাহজালাল (রহ.)-এর মাজার মসজিদে তার জানাজা অনুষ্ঠিত হয়। জানাজায় লেখক-সাহিত্যিক, সাংবাদিক, রাজনীতিক, পেশাজীবীসহ নানা শ্রেণীপেশার মানুষ উপস্থিত ছিলেন। বাদ মাগরিব মরহুমের গ্রামের বাড়ি সুনামগঞ্জের দোয়ারাবাজার উপজেলার দোহাপিয়া পানাইল গ্রামে দিতীয় জানাজা শেষে পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়।

কবি দেওয়ান মুফিদ রাজা চৌধুরী ১৯৪০ সালে ২০ ফেব্রুয়ারি সুনামগঞ্জের দোহাপিয়ার পানাইল গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম দেওয়ান রওঞ্জুর রাজা চৌধুরী ও মাতা মরহুমা বেগম নওয়েদুজ্জহা চৌধুরী (খুশতু)।

গ্রামের প্রাইমারি স্কুলে লেখাপড়া শুরু করা গবেষক দেওয়ান মুফিদ রাজা চৌধুরী সিলেটের দি এইডেড হাইস্কুল, সুনামগঞ্জ গভর্নমেন্ট জুবিলি হাইস্কুল, সুনামগঞ্জ গভর্নমেন্ট কলেজ এবং পরে নরসিংদী কলেজে আই.কম পর্যন্ত পড়াশোনা করেন।

দেওয়ান মুফিদ রাজা চৌধুরী একজন শক্তিমান কবি ছিলেন। তাঁর রচিত প্রথম কাব্যগ্রন্থ 'মৌচাক' ২০০৭ সালে প্রকাশিত হয়। তারপর 'বিয়ে', 'জলের বস্ত্র গেলে', 'পরস্তা বাপ থেকে চান্দা বড়' ও 'পানাইল রাজাবাড়ি মসজিদের ইতিহাস' প্রকাশিত হয়। সবশেষে তাঁর গবেষণা গ্রন্থ 'সিলেটের আঞ্চলিক ভাষার অভিধান' ও 'গানের পাড়ুলিপি' অপ্রকাশিত।

একিকে কবি দেওয়ান মুফিদ রাজা চৌধুরীর মৃত্যুতে লেখক-সাহিত্যিক, সাংবাদিক, রাজনীতিক, পেশাজীবীসহ বিভিন্ন ব্যক্তি ও সংগঠনের পক্ষ হতে শোক প্রকাশ করা হয়েছে।

কেমুসাস : কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদের (কেমুসাস) সহ-সভাপতি দেওয়ান মাহমুদ রাজা চৌধুরীর পিতা কবি ও গবেষক দেওয়ান মুফিদ রাজা চৌধুরীর মৃত্যুতে সংসদের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ ॥ ৩ এর পৃ. ৪ ক. দেখুন

দক্ষিণ সুরমা উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ২৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কাটছেন সিলেট জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আফসার আজিজসহ নেতৃবৃন্দ

সজিব ওয়াজেদ জয়ের জন্মদিনে জেলা ও মহানগর যুবলীগের মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্র, প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজিব ওয়াজেদ জয়ের ৫২ তম জন্মদিন উপলক্ষে পৃথক মিলাদ ও দোয়া মহাফিলের আয়োজন করে সিলেট মহানগর ও জেলা যুবলীগ।

গতকাল বুধবার পৃথক বার্তায় জানানো হয়, মহানগর যুবলীগের উদ্যোগে বুধবার বাদ আসর নগরীর দরগাহে হযরত শাহজালাল (রহঃ)-এর মাজার প্রাঙ্গণে মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মিলাদ ও দোয়া মাহফিলের পূর্বে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন মহানগর যুবলীগের সভাপতি আলম খান মুক্তি। এ সময় উপস্থিত ছিলেন এম ইলিয়াস চৌধুরী দিনার, এডভোকেট আবুল কাশেম, এডভোকেট জহিরুল ইসলাম জিপন, রোপম আহমদ, মোস্তাকের দবী, আব্বাস আহমদ, সাকাবিয়া হোসেন সাবিয়া, আফজাল হোসেন, সেবুল আহমদ সাগর, রুহুল আমিন, আব্রাদ উদ্দিন, আব্দুর রহমান সুমেল আল মুমিন, আবির হাসান রনা, শেখ রেজাউল করিম হাসান, আবুল কাদির ইমন, সৈয়দ নাহিদ হাসান সাব্বির, মাসুক আহমদ, আমিনুল ইসলাম আমিন, অপরাজিত ঘোষ, লন্টু গোপ রাজু, সুহেল তাফুকদার, রায়হান আহমদ, ইমন খান, তাহেদ খান, ॥ ৩ এর পৃ. ৩ ক. দেখুন

দক্ষিণ সুরমায় স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গতকাল বুধবার বিকেলে নগরীর চাঁদিপুরে দক্ষিণ সুরমা উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের উদ্যোগে আয়োজন করা হয় কেক কাটা অনুষ্ঠানের। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আফসার আজিজ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক মতিউর রহমান মতি, দক্ষিণ সুরমা উপজেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা হাজী সাইফুল আলম, সাধারণ সম্পাদক এডভোকেট শামীম আহমদ, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক জালাল উদ্দিন, সহ-সভাপতি মোহাম্মদ ছদরুল ইসলাম, জেলা তাতীলীগের সভাপতি আলমগীর হুসেন, জেলা কৃষকলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক জায়েদ আলী, কৃষি বিষয়ক সম্পাদক সাজ্জাদুল হক, জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জাকির আহমদ রিন্থু, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি নিজাম উদ্দিন, সহ-সভাপতি জায়েদুর রহমান সাজিম, শাহীন শাহ, যুগ্ম-সাধারণ সম্পাদক সাদিদ চৌধুরী, যুগ্ম-সাধারণ সম্পাদক রাশেদুল ইসলাম রাসেল, সাংগঠনিক সম্পাদক জাবেদ আহমদ, দপ্তর সম্পাদক খোরশেদ আহমদ তাপন, উপজেলা স্বেচ্ছাসেবক লীগ নেতা সুমন আহমদ, রাহাত আহমদ, লালাবাজার ইউনিয়নের সভাপতি নিজাম উদ্দিন, সাধারণ সম্পাদক রুহেল আহমদ, সিলাম ইউনিয়নের সভাপতি শাহ জুবেল, সাধারণ সম্পাদক জায়েদ আহমদ, তেতলী ইউনিয়নের সহ-সভাপতি মতছির আলী, সাধারণ সম্পাদক সোহান আহমদ, দাউদপুর ইউনিয়নের সভাপতি কাওছার আহমদ পারভেজ, সাংগঠনিক সম্পাদক রুম্মন আহমদ, সাদাউদ্দিন আহমেদ, সুজন আহমদ, দিপু আহমদসহ বিভিন্ন ইউনিয়নের স্বেচ্ছাসেবক লীগ নেতৃবৃন্দ।-বিজ্ঞপ্তি

৮ ঘণ্টায় ১৮ ভোট

শ্রীমঙ্গল (মৌলভীবাজার) থেকে নিজস্ব সংবাদদাতা : মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যার পদের উপ-নির্বাচনে একটি ভোট কেন্দ্রে ৮ ঘন্টায় মাত্র ১৮টি ভোট কাস্ট হয়েছে। কেন্দ্রটি হলো পৌর এলাকার উদয়ন বালিকা উচ্চ বিদ্যালয় (মহিলা) কেন্দ্র। এ কেন্দ্রে মোট ভোটার ছিলেন ২৪৩৯ জন। কেন্দ্রে ॥ ২ এর পৃ. ৬ ক. দেখুন

করিম ফাউন্ডেশন ট্রাস্টের উদ্যোগে বন্যায় অতিগ্রস্ত পরিবারের মধ্যে নগদ অর্থ বিতরণ করছেন জগন্নাথপুর প্রেসক্লাব সভাপতি শুকর রায়সহ অতিথিবৃন্দ

অভিবাসী ভিসা পেতে প্রস্তুতি নিয়ে যাওয়ার পরামর্শ যুক্তরাষ্ট্র দূতাবাসের

ডাক ডেস্ক : অভিবাসী ভিসা আবেদনকারীদের সাক্ষাৎকারে প্রস্তুতি নিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছে ঢাকার মার্কিন দূতাবাস। গতকাল বুধবার দূতাবাস থেকে এই বিষয়ে পরামর্শ দেওয়া হয়। দূতাবাসে এক বার্তায় জানিয়েছে, ভিসা সাক্ষাৎকারের জন্য প্রস্তুত হয়ে না গেলে ভিসা পেতে অনেক মাস দেরি হতে পারে। সাক্ষাৎকারের দিন ভিসা প্রার্থীর সব মূল নাগরিক কাগজপত্র (অর্থাৎ অরিজিনাল) নিয়ে যেতে হবে। নাগরিক কাগজপত্রের মধ্যে বৈধ পাসপোর্ট, ভিসার ছবি, নিবন্ধিত জন্ম সনদ, নিবন্ধিত মৃত্যু সনদ, বিবাহের সনদপত্র (বাংলা নিকাহ নামা), পুলিশের অনুমোদনপত্র ইত্যাদি অন্তর্ভুক্ত কিন্তু এর মধ্যেই সীমাবদ্ধ নয়। এছাড়াও প্রার্থী এবং প্রার্থীর পিটিশনারের ছবি নিয়ে যেতে হবে। সাক্ষাৎকারের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের একটি সম্পূর্ণ তালিকার জন্য http://ow.ly/nbHV50K5bof এই ওয়েবসাইট দেখতে অনুরোধ করা হয়েছে।

সিনএনজি এসোসিয়েশনের সিলেট বিভাগের জরুরি সভা অনুষ্ঠিত

সিলেটে অবিলম্বে সিএনজি ফিলিং স্টেশন বন্ধের প্রতিবাদে বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের সিলেট বিভাগের উদ্যোগে গতকাল বুধবার জরুরি সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন সিলেট বিভাগের সভাপতি আমিরুজ্জামান চৌধুরীর সভাপতিত্বে ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ব্যারিস্টার রিয়াসাত আহিম আদনানের পরিচালনায় নগরীর উপশহরস্থ কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন পেট্রোল পাম্প এসোসিয়েশন কেন্দ্রীয় ও সিলেট বিভাগের সাধারণ সম্পাদক জুবায়ের আহমদ চৌধুরী, বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন সিলেট বিভাগের সহ-সভাপতি, কামাল উদ্দিন, সহ-সভাপতি সাজুওয়ান আহমদ, ট্যাংকলরী এসোসিয়েশন সিলেট বিভাগের সভাপতি হুমায়ুন আহমদ, আলী আহমদ, হুরায়রা ইফতার হোসেন, আলহাজ্ব কালী মাহবুব হোসেন, সুব্রত ধর বাপ্পি প্রমুখ।

এ সময় বক্তারা সিলেট বিভাগের চার জেলায় সদস্যভুক্ত বেশ কয়েকটি প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ বন্ধ করার প্রতিবাদ জানান। সভায় জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষের অতি উৎসাহী ভূমিকার জন্য ক্ষোভ প্রকাশ করা হয় এবং সমস্যার আশু সমাধান না হলে বিভাগের সকল স্থানানি সরবরাহকারী ॥ ২ এর পৃ. ৬ ক. দেখুন

বিনামূল্যে সার ও বীজ পেলেন শায়েস্তাগঞ্জের ৯২০ জন কৃষক

শায়েস্তাগঞ্জ (হবিগঞ্জ) থেকে নিজস্ব সংবাদদাতা : হবিগঞ্জের শায়েস্তাগঞ্জে রোপা আমন মৌসুমে বন্যায় ক্ষতিগ্রস্ত ৯২০ জন কৃষকের কাছে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করেছে সরকার।

গত মঙ্গলবার হবিগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি এডভোকেট মো. আবু জাহির এ প্রণোদনা বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন।

জানা যায়, উপকারভোগী কৃষকদের মাঝে জনপ্রতি পাঁচ কেজি আমন ধানের বীজ, ১০ কেজি ডাই আমোনিয়াম ফসফেট (ডিএপি) ও ১০ কেজি করে মিউরেট অব পটাশ (এমওপি) সার দেওয়া হয়েছে। কৃষি বিভাগ জানায়, চলতি অর্থ বছরে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের মাঝে পুনর্বাসন কার্যক্রমের আওতায় উপজেলার ৯২০ জন কৃষককে এ প্রণোদনা দেওয়া হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শায়েস্তাগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নাজনাতুন নাইম।

এতে বিশেষ অতিথি ছিলেন শায়েস্তাগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুর রশিদ তালুকদার ইকবাল, পৌর মেয়র ফরিদ আহমেদ অলি, ভাইস চেয়ারম্যান গাজিউর রহমান ইমরান, উপজেলা কৃষি কর্মকর্তা সুকান্ত ধর, শায়েস্তাগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজমুল হক কামাল।

উপস্থিত ছিলেন শায়েস্তাগঞ্জ পৌরসভার প্যানেল মেয়র জালাল উদ্দিন মোহন, জেলা পরিষদের সাবেক সদস্য আখুপ্তার সরদার,লুদপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মুখলিছ মিয়া, শায়েস্তাগঞ্জ ইউনিয়নের চেয়ারম্যান বুলবুল খান, শায়েস্তাগঞ্জ উপজেলা সাংবাদিক ফোরামের সভাপতি কামরুজ্জামান আল রিয়াদ প্রমুখ।

জগন্নাথপুরে ১৩০ পরিবারের মধ্যে করিম ফাউন্ডেশন ট্রাস্টের নগদ অর্থ সহায়তা

জগন্নাথপুর (সুনামগঞ্জ) থেকে নিজস্ব সংবাদদাতা : সুনামগঞ্জের জগন্নাথপুর উপজেলার পাইলগাঁও ইউনিয়নের তিগোরপুর গ্রামের ১৩০ পরিবারের মধ্যে নগদ ২ লক্ষ ৬০ হাজার টাকা প্রদান করেছে করিম ফাউন্ডেশন ট্রাস্ট।

গতকাল বুধবার দুপুরে তিগোরপুর গ্রামে ট্রাস্টিসের নিজ বাড়িতে বন্যায় ক্ষতিগ্রস্ত দুস্থ ও অসহায় পরিবারগুলোর মধ্যে এ সহায়তা প্রদান করা হয়। এ সময় ক্ষতিগ্রস্তদের মধ্যে নগদ অর্থ তুলে দেন জগন্নাথপুর প্রেসক্লাব সভাপতি শুকর রায়, ট্রাস্টের সুনামগঞ্জ জেলা সমন্বয়কারী ও গাইবান্ধা ইউপি সদস্য শাহান আহমদসহ অতিথিবৃন্দ। বিতরণকালে উপস্থিত ছিলেন, ট্রাস্টের ফাউন্ডার আব্দুল করিম গনি মাতা হুসনারা বিবি, রকিব আহমদ, নূর ইসলাম, পিপু দাস, আব্দুর রহিম, সমরেন্দ্র দাস প্রমুখ। ট্রাস্টের ফাউন্ডার ও ট্রাস্টি আব্দুল করিম গনি জানান, গত মার্চ মাসে আমার পরিবারের সদস্যদের উদ্যোগে এ ট্রাস্ট গঠন করা হয়েছে। নিজ এলাকায় এ কার্যক্রমের মধ্য দিয়ে আমরা যাত্রা শুরু করলাম। এ ট্রাস্টের পক্ষ থেকে দুস্থ ও অসহায়দের মধ্যে মানবিক সহযোগিতা অব্যাহত থাকবে।

সিলেট মহানগর বিএনপির বিক্ষোভ সমাবেশ শনিবার

দেশজুড়ে অব্যাহত বিদ্যুতের লোডশেডিং ও 'জ্বালানি খাতে চরম অব্যবস্থাপনা'র প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে সিলেট মহানগর বিএনপির উদ্যোগে প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হবে। আগামী শনিবার বিকেল সাড়ে ৩টায় নগরীর কেন্দ্রীয় শহীদ মিনারে এ কর্মসূচি অনুষ্ঠিত হবে।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির ॥ ৩ এর পৃ. ৪ ক. দেখুন

সিলেট কেন্দ্রীয় শহীদ মিনারে মানববন্ধন

সুনামগঞ্জে আদালত পাড়ায় খোকন হত্যাকারীদের গ্রেফতারের দাবি

সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার কলকলি ইউনিয়নের গলাখাল গ্রামের হাজী আলতাবুর রহমান ফটিক মিয়ার ছেলে মিজানুর রহমান খোকনকে সুনামগঞ্জের আদালত প্রাঙ্গণে হত্যার প্রতিবাদে ও হত্যাকারীদের ফাঁসির দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকেলে কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে সার্ক মানবাধিকার ফাউন্ডেশন সিলেট মহানগর এবং সিলেট ও সুনামগঞ্জের সচেতন নাগরিকদের উদ্যোগে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তারা আদালত এলাকায় নিরাপত্তা জোরদার এবং খোকন হত্যার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। আসামীরা যাতে বিদেশ পালিয়ে যেতে না পারে সেজন্য ব্যবস্থা নেয়ার আহবান জানান বক্তারা। সার্ক মানবাধিকার ফাউন্ডেশন সিলেট মহানগর শাখার সভাপতি এডভোকেট আলা উদ্দিনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক প্রভাষক তপন চন্দ্র পাল এর পরিচালনায় বক্তব্য রাখেন জগন্নাথপুর উপজেলা সমিতি সিলেটের সভাপতি আলহাজ্ব আবুল বশর, বাংলাদেশ দুর্নীতি প্রতিরোধ মঞ্চের কেন্দ্রীয় মহাসচিব মো. আমিনুল ইসলাম চৌধুরী এহিয়া, ইয়ং ফ্রন্টের চেয়ারম্যান রফিকুল ইসলাম বসরু, প্রভাষক মিহির মোহন, এডভোকেট জ্যোতী রঞ্জা বপু, আওয়ামী লীগ নেতা আবাদ মিয়া, দিহক খোকনের সহাদর ফাইজা আক্তার, ছেলে মাহফুজ, বোন হাসনা বেগম ও ফুফাত বোন, মাওলানা বুরহান উদ্দিন। আমবাসীর পক্ষে বক্তব্য রাখেন আবুল খয়ের, উমর মিয়া, আবুল কালাম প্রমুখ। বিজ্ঞপ্তি

৩০০ কোটি টাকা ঋণ দেবে এসএমই ফাউন্ডেশন

ডাক ডেস্ক : করোনাভাইরাসের ক্ষতি কাটিয়ে উঠতে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের আরও ৩০০ কোটি টাকা ঋণ দেবে এসএমই ফাউন্ডেশন। ঋণের সুদের হার হবে মাত্র ৪ শতাংশ। একজন উদ্যোক্তা ১ লাখ থেকে ৩০ লাখ টাকা পর্যন্ত ঋণ পাবেন। গতকাল মঙ্গলবার এসএমই ফাউন্ডেশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, করোনা পরবর্তী পরিস্থিতিতে দেশের অর্থনৈতিক পুনরুজ্জার ত্বরান্বিতকরণ এবং প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে ঋণদান কর্মসূচি সম্প্রসারণে আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের অনুকূলে দুই ধাপে ৩০০ কোটি টাকা ছাড় করা হয়, যা ইতোমধ্যে উদ্যোক্তা পর্যায়ে বিতরণ শেষ হয়েছে। এ ঋণ পরিশোধ থেকে আরা অর্থ এবং নিজস্ব তহবিল দিয়ে এসএমই ফাউন্ডেশন একটি রিভলভিং ফান্ড গঠন করেছে। রিভলভিং ফান্ড থেকে নতুন ঋণ বিতরণ করা হবে। এ লক্ষ্যে গতকাল বুধবার ১৭টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে এসএমই ফাউন্ডেশন। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো হলো- ব্র্যাক ব্যাংক, ব্যাংক এশিয়া, মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক, ঢাকা ব্যাংক, প্রিমিয়ার ব্যাংক, ওয়ান ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, দেশল কমার্শিয়াল ব্যাংক, দা সিটি ব্যাংক, এনআরবি কমার্শিয়াল ব্যাংক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক, মার্কেন্টাইল ব্যাংক, সীমান্ত ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, আইডিএলসি ফাইন্যান্স, আইসিডিসি ফাইন্যান্স ও লংকাবাংলা ফাইন্যান্স।

বরেণ্য আলেম মাওলানা ফজলুর রহমানের ইন্তেকাল

কোম্পানীগঞ্জ (সিলেট) থেকে নিজস্ব সংবাদদাতা : কোম্পানীগঞ্জ উপজেলা ইমাম সমিতির সাবেক সভাপতি, পাড়ুয়া বদিকোনা জামে মসজিদের ইমাম ও খতিব মাওলানা ফজলুর রহমান (৭৫) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

গতকাল বুধবার সকাল সাড়ে ৮টায় সিলেট নগরীর একটি প্রাইভেট হাসপাতালে ॥ ৩ এর পৃ. ৪ ক.